সহযোগী:

- Barrier Free Living
- The City University of New York
- Department for the Aging
- Department of Information Technology and Telecommunications
- Department of Probation
- Health and Hospitals Corporation
- Human Resources Administration
- inMotion, Inc.
- Jewish Association for Services for the Aged
- Korean American Family Services Center
- Metropolitan Council on Jewish Poverty
- Mount Sinai Sexual Assault and Violence Intervention Program
- New York Asian Women's Center
- New York City Housing Authority
- New York City Police Department
- Queens Borough President's Office
- Queens County District Attorney's Office
- Queens Legal Services
- Safe Horizon
- Sanctuary for Families
- Urban Justice Center
- Violence Intervention Program, Inc.

যদি আপনি নিজে কোনো পারিবারিক হিংসার শিকার হন অথবা এমন কোন একজনকে জানেন যিনি পারিবারিক হিংসার শিকার তাহলে সাহায্য নিন।

জরুরী প্রয়োজনে, ফোন করুন- 911

অন্যান্য সিটি-সার্ভিসের জন্য ফোন করুন- 311

NYC ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইন

1-800-621-**HOPE** (4673)

1-866-604-5350 (**TDD**)

উপরের সমস্ত নম্বরগুলি ২৪ঘন্টা সব ভাষাতেই সহযোগিতা দেয়।

অন্যান্য টেলিফোন পরিষেবা:

শিশু-নির্যাতন এবং খারাপ ব্যবহারের ক্ষেত্রে হটলাইন
(New York State Central Register)
1-800-342-3720

যে সব বয়স্ক ব্যক্তি অপরাধের শিকার, তাদের জন্য সহায়তা কেন্দ্র
(NYC Department for the Aging)
212-630-1853

নিউইয়র্ক ইমিগ্রেশন হটলাইন
1-800-566-7636

NYPD যৌন অপরাধ রিপোর্টের জন্য হটলাইন
212-267-**RAPE** (7273)

অপরাধের শিকার মানুষদের চিহ্নিত করার জন্য প্রতিদিনের (**VINE**) প্রোগ্রাম
(NYC Department of Correction)
1-888-**VINE-4NY** (8463-469)

ইয়ুথলাইন
(NYC Dept. of Youth and Community Development)
1-800-246-4646

Michael R. Bloomberg
Mayor
Helen M. Marshall
Queens Borough President
Yolanda B. Jimenez
Commissioner
Mayor's Office to Combat Domestic Violence
Richard A. Brown
District Attorney
Queens County District Attorney's Office

New York City Family Justice Center

নিউইয়র্ক সিটি ফ্যামিলি জাস্টিস সেন্টার

126-02 82ND AVENUE
KEW GARDENS, NEW YORK 11415



QUEENS

Michael R. Bloomberg
Mayor

ফ্যামিলি জাস্টিস সেন্টার বলতে কি বোঝায়?

সব রকমের পারিবারিক হিংসার শিকার ব্যক্তি এবং তাদের বাচ্চাদের সঙ্গে সরাসরি কথা বলার জন্য ব্রুকলিনে নিউইয়র্ক সিটি ফ্যামিলি জাস্টিস সেন্টার রয়েছে। আপনি যাতে সহজেই সাহায্য পেতে পারেন সেইজন্য এই সেন্টারে অনেকগুলি এজেন্সী আছে। এখানে অপরাধের শিকার সমস্ত ব্যক্তিদের বিনা খরচে পরিষেবা দেওয়া হয়। আপনার যে ভাষাতে কথা বলতে সুবিধে হয় বলুন আমরা শুনব, আপনার পাশে থাকব।

আপনি যখন এই সেন্টারে আসবেন, জানবেন যে আপনি এক নিরাপদ জায়গায় আছেন যেখানে আপনার খেয়াল রাখা হবে এবং একজনের জন্যে একজনের ব্যবস্থাও আছে। আপনি যখন প্রথমবার এই সেন্টারে আসবেন তখন ক্লায়েন্ট স্পেশালিষ্টের সাথে দেখা করবেন, যিনি বলে দেবেন ঠিক কোন পরিষেবা আপনার দরকার। এরপরে ক্লায়েন্ট স্পেশালিষ্ট, আপনাকে কেস ম্যানেজারের সাথে পরিচয় করিয়ে দেবেন যিনি এই সেন্টারে আপনাকে সহায়তা করবেন।

একটি বিল্ডিং এ এই সেন্টারটি রয়েছে, যেখানে আপনার নিরাপত্তা সুনিশ্চিত রাখার ব্যবস্থা আছে। ভিতরে প্রবেশ করতে হলে, প্রথমে লবির মধ্যে ফ্যামিলি জাস্টিস সেন্টারের সিকিউরিটি ডেস্কে আপনাকে যেতে হবে। এরপরে সেন্টারে ঢুকতে হলে আপনাকে মেটাল ডিটেক্টরের সামনে দিয়ে যেতে হবে। অনুগ্রহ করে সচিত্র পরিচয় পত্র সঙ্গে নিয়ে আসবেন।

প্রত্যেকেরই এমন একটা বাড়িতে বাস করার অধিকার রয়েছে যেখানে সে নিরাপদে থাকতে পারে। আপনি নিজেকে একা ভাববেন না।নিউইয়র্ক সিটি

অবস্থান ও পথ নির্দেশ:
কিউ গার্ডেন, কুইন্স বোলভার্ডে (উত্তর দিক) ১২৬-০২-৮২ND অ্যাভেনিউ
সাবওয়ে:
কিউ গার্ডেন/ইউনিয়ন টার্নপিকের জন্য F অথবা E ট্রেন ধরুন। "কোর্ট হাউস/নর্থ সাইড" দিয়ে বেরিয়ে যান, কুইন্স বোরো হল পেরিয়ে সোজা সামনে দিকে হেঁটে কুইন্স বোলভার্ডে পড়বেন। বাঁ দিকে ঘুরে ৮২ নম্বর অ্যাভেনিউতে গেলেই রাস্তার সামনে দিকেই সেন্টার পেয়ে যাবেন।
বাস:
Q10, Q37, Q46 Q60 বা Q74 প্রতিটি বাস সেন্টারের কাছে থামে।
কার:
গ্রান্ড সেন্ট্রাল পার্কওয়ে ধরুন, পূর্বদিকে গিয়ে কুইন্স বোলভার্ডে বেরোন অথবা ভ্যান ওয়াক এক্সপ্রেসওয়ে ধরুন; যদি দক্ষিণে যান, ইউনিয়ন টার্নপিকে বেরোবেন; উত্তরে গেলে কুইন্স বোলভার্ডে বেরোবেন।
কাজের সময়:
সোমবার থেকে শুক্রবার সকাল ৯টা থেকে সন্ধে ৫টা পর্যন্ত।

ফ্যামিলি জাস্টিস সেন্টারে আপনি সরাসরি কথা বলার সুযোগ পাবেন। যদি পরপর কয়েকবার এখানে আপনার আসার দরকার হয় তাহলে পরবর্তীবারের জন্য, নির্দিষ্ট অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে (718)575-4500

ফ্যামিলি জাস্টিস সেন্টার আমাকে কি ভাবে সাহায্য করবে?

কেস ম্যানেজমেন্ট আপনি কেস ম্যানেজারের সাথে দেখা করতে পারেন যিনি আপনাকে বলে দেবেন কি ভাবে নিরাপদে থাকবেন, এছাড়া এই সেন্টারের অন্যান্য পরিষেবাগুলির ব্যাপারেও তিনি আপনাকে জানাবেন।

কাউন্সেলিং আপনার ও আপনার বাচ্চার জন্য কাউন্সেলিং এর ব্যবস্থা আছে। একজনের জন্য একজন এবং সহায়ক দল এই দুই ধরনের পরিষেবাই এই সেন্টারে আছে।

আইনি তথ্য কাস্টডি, তদারকি বা দেখাশোনা এবং ইমিগ্রেশন ইত্যাদি আইনের বিষয়ে আপনার সাথে আলোচনার জন্য এখানে উকিল এবং আইন-জানা অন্যান্য ব্যক্তিরা আছেন।

পুলিশ নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগের পারিবারিক হিংসা প্রতিরোধ বিভাগের অফিসারেরা আপনাকে রিপোর্ট লেখার ব্যাপারে সহায়তা করবেন অথবা আপনার নিরাপত্তার ব্যাপারে পুলিশ কি ভাবে সাহায্য করতে পারে তা বিস্তারিতভাবে জানাবেন।

প্রবেশন আপনাকে আঘাতকারী ব্যক্তি যদি বর্তমানে পুনর্বাসনে থাকেন তাহলে প্রবেশন অফিসার এই বিষয়ে আপনাকে সাহায্য করতে পারেন।

প্রসিকিউশান এই সেন্টারে ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের ডোমেস্টিক ভায়োলেন্স ব্যুরো আছে, যা আপনার সহায়তা করবে, কারন পারিবারিক হিংসা একটি অপরাধ, আপনার যদি অপরাধ দমনের নিয়মের ব্যাপারে কিছু প্রশ্ন থাকে তাহলে ব্যুরো আপনার প্রশ্নের উত্তর দেবে।

বাচ্চাদের জন্য আলাদা ঘর, মার্গারেট প্লেস আপনার বাচ্চার বয়স তিন বছর বা তার ওপরে হলে তার খেলাধুলোর জন্য এই সেন্টারে আলাদা ঘর আছে, আপনি যতক্ষন সেন্টারে থাকছেন সে এই ঘরে সময় কাটাতে বা খেলা করতে পারে।

নির্যাতিত বয়স্কদের সহায়তা যদি আপনার সাথে বয়স্ক নির্যাতন মূলক কোনো ঘটনা ঘটে থাকে তাহলে আপনাকে সাহায্য করার জন্য সোশ্যাল-ওয়ার্কার বা সমাজসেবী, উকিল, ডিস্ট্রিক্ট অ্যাটর্নিরা এখানে আছেন।

স্বনির্ভর পরিষেবা স্ব-নির্ভরতার সহায়ক বা কো-অর্ডিনেটর এখানে আছেন যিনি জনগনের সমর্থনের ব্যাপারে বিস্তারিত খবর দিতে পারেন এছাড়া কাজের জন্য ট্রেনিং এবং শিক্ষামুলক প্রোগ্রামের বিষয়েও সাহায্য করতে পারেন।

মানসিক সহায়তা সেন্টারে ফেইথ লিডার বা মানসিক সমর্থনে সাহায্যকারী স্বেচ্ছাসেবীরা আছেন, আপনার সহায়তার জন্য।

নিরাপদে থাকুন

যদি আপনি নির্যাতনের শিকার হন, সেক্ষেত্রে নিরাপদে থাকতে নিম্নলিখিত বিষয় গুলি আপনাকে সাহায্য করতে পারে:

- যদি আপনি বিপদে পড়েন বা আপনার ঘরের মানুষ আপনাকে শারীরিক আঘাত করেন সেক্ষেত্রে 911 নম্বরে ফোন করুন।
- কিভাবে পুলিশ কে ফোনে খবর দিতে হবে, কোনোরকম বিপদে পড়লে নিজেকে বাঁচানোর জন্য কোথায় যেতে হবে তা আপনার বাচ্চাদের শেখান।
- দরকার পড়লে যেতে পারেন এমন কোনো নিরাপদ জায়গা যেমন, স্থানীয় পুলিশ চৌকি বা এরকম কোনো জায়গা চিনে রাখুন।
- রাতে বাইরে বেরোলে দরজায় তালা লাগান, জানালাও ভেতর থেকে বন্ধ করে দিন।
- আপনার বাচ্চার স্কুলে/ডে-কেয়ার বা দিনের বেলায় যাদের কাছে থাকে তাদেরকে, আগে থেকে জানিয়ে রাখুন বাচ্চাকে, কে নিতে আসবে।
- তালিকার বাইরের কোন নম্বর নিয়ে বর্তমান নম্বর পাল্টে ফেলতে অনুরোধ করুন।
- যদি সম্ভব হয় তাহলে, আপনার বাড়ির ঠিকানা গোপন রাখুন, এবং আপনার ওপর নির্যাতনকারীকে আপনার ঠিকানা জানাবেন না।
- বাইরে একা যাওয়া-আসা যতটা পারেন এড়িয়ে চলুন।
- কাজের জায়গায় যাওয়া-আসার রাস্তা পাল্টে ব্যবহার করুন।
- যদি সম্ভব হয়, কাজের জায়গায় আপনার টেলিফোন অন্য কাউকে ধরতে বলুন, আপনার অফিসের টেলিফোন নম্বর এবং ই-মেল অ্যাড্রেস পাল্টে দেওয়ার জন্য আবেদন করুন, সেইসঙ্গে আপনার কাজের সময়ও পাল্টান।
- যদি কোন ক্ষেত্রে আপনাকে খুব তাড়াতাড়ি বেরিয়ে পড়তে হয় তাহলে আপনি করবেন:

  প্রয়োজনীয় কাগজপত্র রাখবেন, যেমন:
  - পাসপোর্ট/গ্রীনকার্ড/ওয়ার্ক পারমিট
  - সোশ্যাল সিকিউরিটি কার্ড/বার্থ সার্টিফিকেট
  - ব্যাঙ্ক অ্যাকাউন্টের বিশদ/বাড়ির দলিল/ লিজ
  - অর্ডার অফ প্রোটেকশন বা নিরাপত্তা দেওয়ার অর্ডার
  - কাস্টডি/ভিজিটেশন বা দেখভাল করার অর্ডার
  - ম্যারেজ লাইসেন্স বা বিয়ের লাইসেন্স
  - বাচ্চাদের টিকা/স্কুলের নথিপত্র
  - নাম ঠিকানার খাতা এবং একটা কলিং কার্ড

  একটা ব্যাগে টাকা(ডলার), অতিরিক্ত চাবি, জামাকাপড়, ওষুধপত্র আর দরকারি কাগজপত্র গুছিয়ে বাড়িতে নিরাপদ কোন জায়গায় অথবা আপনি ভরসা করতে পারেন এমন কারও কাছে রেখে দিন।